গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

# সিলেট বিভাগীয় জেলা প্রশাসক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ০৯.০০ ঘটিকা |
| স্থান | ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে স্ব স্ব সভাকক্ষ |
| উপস্থিতি | জুম উপস্থিতি মতে |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) কার্যপত্র মতে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হলে তা সংশোধনী ব্যতীত অনুমোদিত হয়।

০২। সভায় গতমাসে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **১. মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন জেলাসমূহ থেকে যথাসময়ে পাওয়া গেছে। কার্যক্রমটি চলমান থাকায় যথাসময়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচিত হয়। | মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **২. ফৌজদারি কার্যবিধির আওতায় বিচারাধীন মামলা পর্যালোচনা:**<br>ক. সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসনের অধীন ফৌজদারি আদালত পরিচালনা করা হচ্ছে, প্রমাপ অর্জন নিশ্চিত করা হচ্ছে। এ সিদ্ধান্ত বাস্তবায়ন অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।<br>খ. সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে “নির্বাহী ম্যাজিস্ট্রেট” শব্দের পরিবর্তে “এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট” শব্দ ব্যবহারের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। প্রশাসনের বিভিন্ন যানবাহন ও দপ্তরে এখনো “নির্বাহী ম্যাজিস্ট্রেট” শব্দ এর ব্যবহার লক্ষ্য করা গেছে। | ১। স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসনের অধীন আদালত পরিচালনা অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| | ২। ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর আওতায় দায়েরকৃত মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিসহ প্রমাপ অর্জন নিশ্চিতকরণের ধারা অব্যাহত রাখতে হবে।<br>৩। “নির্বাহী ম্যাজিস্ট্রেট” শব্দের পরিবর্তে “এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট” শব্দের ব্যবহার নিশ্চিত করতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |

| | | |
|---|---|---|
| **৩. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মোবাইল কোর্টের প্রমাপ অর্জন নিশ্চিতকরণ এবং ই-কোর্টে তথ্য আপলোড অব্যাহত রয়েছে। সভায় মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা যাতে না কমে সেদিকে দৃষ্টি রাখার জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটদের অনুরোধ করা হয়। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ মোবাইল কোর্টের জরিমানার টাকা চালানের মাধ্যমে নির্ধারিত খাতে জমাদান এবং অনলাইনে ভেরিফাই করে নিশ্চিতকরণ করছেন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটগণ চালানের অনলাইন ভেরিফিকেশন তদারকি করছেন বলে সভায় জানানো হয়।<br>খ) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট হবিগঞ্জ সভায় অবহিত করেন যে, হবিগঞ্জে ৪ ঘন্টাব্যাপী মোবাইল কোর্ট বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করা হয়েছে।<br>গ) সভায় জানানো হয় যে, যৌন হয়রানি প্রতিরোধ সংক্রান্ত মোবাইল কোর্টের প্রতিবেদনে পরিচালিত অভিযানকে মোবাইল কোর্ট হিসেবে দেখানো হচ্ছে। অভিযানে মামলা দায়ের না হলে তবে মোবাইল কোর্টের সংখ্যা শূন্য ধরে মন্তব্য কলামে অভিযানের সংখ্যা উল্লেখ করার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়।<br>ঘ) সভায় জানানো হয় যে, মোবাইল কোর্ট আপিলের প্রমাপ রয়েছে। গত মাসে মৌলভীবাজার এবং সুনামগঞ্জ জেলায় মোবাইল কোর্টের আপিল মামলার নিষ্পত্তির প্রমাপ অর্জিত হয়নি। | ক. মোবাইল কোর্টের প্রমাপ অর্জন নিশ্চিতকরণ এবং ই-কোর্টে তথ্য আপলোড অব্যাহত রাখতে হবে।<br>খ. মোবাইল কোর্ট পরিচালনা বিষয়ে অবহিতকরণ/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>গ. মোবাইল কোর্টে আদায়কৃত জরিমানার টাকা যথাযথভাবে নির্ধারিত খাতে জমা প্রদান নিশ্চিতকরণ এবং অনলাইনে চালান ভেরিফিকেশন অব্যাহত রাখতে হবে।<br>ঘ. যৌন হয়রানি প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনার ধারা অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত অভিযানে কোন মামালা দায়ের না হলে তবে সভার আলোচনামতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>ঙ. মোবাইল কোর্ট আপিল মামলা নিষ্পত্তির প্রমাপ অর্জন নিশ্চিত করতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| **৪. ই-নথি ও ই-সার্ভিস সিস্টেমরণের**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। ই-নথি কার্যক্রমের অবস্থানগত কোন প্রতিবেদন অনলাইনে প্রকাশিত না হওয়ায় এ বিষয়ে পর্যালোচনা করা যাচ্ছে না। সভায় ই-নথিতে নথি নিষ্পত্তি ও পত্র জারি সম্পর্কিত ড্যাশবোর্ডের তথ্য পরবর্তী সভায় আলোচনার বিষয়ে মতামত প্রকাশ করা হয়। | ই-নথি কার্যক্রম জোরদার অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের সার্বিক চিত্র সভায় উপস্থাপন করতে হবে। | ক. জেলা প্রশাসক (সকল); সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট |
| **৫. অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেম চালুকরণ**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেমের সীমাবদ্ধতা বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সফট বিডি এবং মন্ত্রিপরিষদ বিভাগে জেলা প্রশাসকগণ পত্র প্রেরণ করেছেন। অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেম বিষয়ে মৌলভিবাজার জেলা প্রশাসন প্রশিক্ষণের আয়োজন করেছে। সভায় অনলাইন ডিলিং লাইসেন্স ব্যবস্থার উন্নতিকল্পে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।। | অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেমের সমস্যা ও উত্তরণের উপায় এবং সিস্টেম উন্নয়নের বিষয়ে জেলা প্রশাসকগণ যোগাযোগ অব্যাহত রাখবেন। | জেলা প্রশাসক (সকল) |
| **৬. গণশুনানি সংক্রান্ত:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে যথাযথ ফরম্যাট অনুসরণ করে গণশুনানী প্রতিবেদন পাওয়া গেছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ইউনিট সংখ্যা ঠিক রেখে গণশুনানী প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এছাড়া গণশুনানীর প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রমাপ অর্জিত হয়েছে, তবে সুনামগঞ্জ জেলায় ৩০টি শুনানী বেশি হয়েছে। | গণশুনানির তথ্য সভার আলোচনা মতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |

| | | |
|---|---|---|
| **৭. উঠান বৈঠক অনুষ্ঠান:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে বিভিন্ন সামাজিক প্রচারণার অংশ হিসেবে উঠান বৈঠক-সভা অনুষ্ঠিত হচ্ছে। | স্বাস্থ্যবিধি মেনে সামাজিক প্রচারণার অংশ হিসেবে উঠান বৈঠক/সভা পরিচালনা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **৮. করোনা ভাইরাস প্রতিরোধ:**<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে করোনা রোগ সংক্রমণ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভায় মাস্ক পরা নিশ্চিত করার জন্য আইন প্রয়োগের বিষয়ে আলোচনা করা হয়। সভায় নিবন্ধন ব্যতীত কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ না করার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির নিমিত্ত জেলা প্রশাসকদের অনুরোধ করা হয়। | ক. করোনার সংক্রমণ মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ/সচেতনতামুলক কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>খ. মাস্ক পরা নিশ্চিত করার লক্ষ্যে প্রচারণা/চেক পয়েন্ট/মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>গ) নিবন্ধন ব্যতীত কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ না করার বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **৯. কর্মকর্তাদের বিরুদ্ধে তদন্তাধীন অভিযোগের নিষ্পত্তি:**<br>সভায় জানান হয় যে, সুনামগঞ্জ জেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, শাল্লার বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সুনামগঞ্জ) |
| **১০. জেলা ব্রান্ডিং:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে জেলা সমূহে “জেলা ব্রান্ডিং” কার্যক্রম শেষের দিকে রয়েছে। | জেলা ব্র্যান্ডিং কার্যক্রমের প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১১. ক্ষুদ্র-নৃগোষ্ঠী প্রকল্প সংক্রান্ত:**<br>(ক) সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে সকল জেলা থেকে ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জন্য গৃহীত প্রকল্প তালিকা পাওয়া গেছে। গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশ প্রদান করা হয়।<br>(খ) প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম তদারকি ও সমন্বয় করার জন্য জেলা পর্যায়ে সভা আয়োজনের বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়। | (ক) ক্ষুদ্র নৃগোষ্ঠীদের প্রকল্প প্রস্তাব দ্রুততার সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) প্রকল্পসমূহের কার্যক্রম আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(গ)প্রকল্প বাস্তবায়ন তদারকি ও সমন্বয় করার জন্য জেলা পর্যায়ে সভা আয়োজন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১১. অডিট আপত্তি ও নিষ্পত্তি:**<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জবাব পাঠানো হচ্ছে। | পেন্ডিং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ উদ্যোগ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১২. জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে অগ্রগতি প্রেরণ নিশ্চকরণের বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত অগ্রগতির প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় অধিকতর গুরুত্বারোপ করা হয়। | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত অগ্রগতির প্রতিবেদন সংক্রান্ত তথ্যএ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |

| | | |
|---|---|---|
| **১৩. পেন্ডিং তালিকা:**<br>গত সভার সিদ্ধান্ত মতে পেন্ডিং তালিকা সম্পর্কে জেলা প্রশাসকগণকে অবহিত করা হয়। পেন্ডিং তালিকা নিষ্পত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হয়। | ক. জেলা প্রশাসকগণের নিকট এ কার্যালয়ের পেন্ডিং কাজকর্ম নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. বিভাগীয় কমিশনারের কার্যালয়ে জেলা প্রশাসকগণের পেন্ডিং তালিকা প্রতিমাসের ৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **১৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল:**<br>সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল এর নির্দিষ্ট ক্যালেন্ডার রয়েছে। এ দু'টি কার্যক্রম বাস্তবায়নে প্রমাণকসহ তথ্য দিতে হয়। জেলাসমূহের এ দুটি কার্য বাস্তবায়নে বিভিন্ন ত্রুটি লক্ষ্য করা গেছে যেমন- নির্ধারিত ক্যালেন্ডার অনুসরণ না করা, এপিএমএস-এ যথাযথভাবে তথ্য দাখিল না করা এবং প্রমাণক ব্যতীত প্রতিবেদন প্রেরণ। এ দু'টি কার্যক্রম বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়ে জেলা প্রশাসকগণকে বিশেষ দৃষ্টি দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ক. এপিএ এবং এনআইএস এর কার্যক্রম যথাযথ বাস্তবায়ন করতে হবে।<br>খ. কার্যক্রমসমূহ যথাযথ বাস্তবায়নের বিষয়ে জেলা প্রশাসকগণ বিশেষ দৃষ্টি দিবেন। | জেলা প্রশাসক (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০২.২০.১১৮

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭
০১ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

২) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার